

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয় ঢাকা, তারিখ : ১৬ মার্চ, ২০১৭।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থায় জমাকৃত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ফেরৎ প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সংস্থার কর্মী শৃঙ্খলা আরো গতিশীল করার জন্য ব্যবস্থাপনার সিদ্ধান্তক্রমে নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. সংস্থার কর্মরত কর্মীরা ক্ষুদ্রঝণ নিয়ে সরাসরি কাজ করেন এবং যাদের নিকট থেকে ব্যাংকের চেক জমা নেয়া হয়েছে তাঁদের জমা দেয়া মূল সনদপত্র ফেরৎ দেওয়া হবে।
২. অত্র সার্কুলারের সাথে একটি ফরমেট দেয়া হলো। সনদ সংশ্লিষ্ট কর্মীর নিকট পৌঁছানোর পর তার কাছ থেকে স্বাক্ষর নিয়ে এর একটি কপি কেন্দ্রীয় মানব সম্পদ বিভাগে পাঠতে হবে যা পরবর্তীতে স্ব স্ব ব্যক্তিগত ফাইলে চলে যাবে।
৩. নতুন যোগদানকৃত কর্মীর ক্ষেত্রে যোগদানের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে স্ব স্ব অফিস প্রধান মানব সম্পদ বিভাগে নির্দিষ্ট ফরমেট পুরণ করে সংশ্লিষ্ট কর্মীর চেক পাঠাবেন। প্রধান-মানব সম্পদ ব্যবস্থাপনা কর্মীভৱিক এগুলো সংরক্ষন করবেন। কোন অবস্থাতেই চেক জমা নেয়া ছাড়া নতুন কর্মীর রেজিস্টারের দায়িত্ব দেওয়া যাবে না।
৪. কোন কর্মী সংস্থা ত্যাগ করে চলে গেলে তিনি চুড়ান্ত হিসাব নেওয়ার সময় তাঁর জমাকৃত চেক ফেরৎ নিয়ে যাবেন।
৫. সকল আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারীকে আগামী ২০ মার্চ ২০১৭ তারিখের মধ্যে শাখা ভিত্তিক হালনাগাদ কর্মী তালিকা মানব সম্পদ বিভাগে পাঠাতে হবে।
৬. ৩০ মার্চ ২০১৭ তারিখের মধ্যে সকল কর্মীর জমাকৃত সনদসমূহের তালিকা করে স্ব স্ব আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারীর নিকট লোক মারফত পাঠাবেন প্রধান -এইচআরএম।
৭. কোন কর্মী বদলী হলে অথবা ব্যাংক হিসাব পরিবর্তন করলে সেক্ষেত্রে ঐ কর্মী থেকে নতুন চেক নিয়ে স্ব স্ব আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারীক তালিকা করে মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগে পাঠাবেন এবং সময় সময়ে নিজ দায়িত্বে হালনাগাদ করবেন।
৮. দাতা সংস্থার প্রকল্পের কর্মাণ্ডল থেকে যেসব মূল শিক্ষাগত সনদ জমা নেয়া হয়েছে সেগুলোও আগামী ৩০ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে ফেরৎ দেয়া হবে। এক্ষেত্রে কোন ব্যাংক চেক নেয়া হবে না।
৯. এ সার্কুলারটি অন্তিমিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে আপনারা কেউ দ্বিমত পোষন করলে আগামী ২৫ মার্চ ২০১৭ তারিখের মধ্যে সহকারী পরিচালক-এইচআরএম অথবা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে যেকোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কর্পি